দৈনিক ইত্তেফাক

৮৮

তারিখ ... SEP. 07 1999 ...
পৃষ্ঠা ৮ কলাম ৭

## বিদ্যালয় সরকারীকরণের আবেদন

জামালপুর জেলার মাদারগঞ্জ উপজেলাধীন জাড়কাটা নিম্ন মাধ্যমিক বালিকা বিদ্যালয় ১৯৯৬ সালে প্রতিষ্ঠিত হয়। ইতিমধ্যে বিদ্যালয়টির সুনাম ছড়াইয়া পড়িয়াছে। অষ্টম শ্রেণীর বৃত্তি পরীক্ষায় ছাত্রীদের ফলাফল সন্তোষজনক। এখানকার ছাত্রী সংখ্যা প্রায় আটশত। খেলাধুলাতে সুনাম রহিয়াছে। ক্রীড়া প্রতিযোগিতায় উপজেলা বা জেলা পর্যায়ে অত্র বিদ্যালয়ের ছাত্রীরা অংশগ্রহণ করিয়া বিজয় ছিনাইয়া আনে। এই বিদ্যালয় পরিদর্শনে উর্ধ্বতন কর্তৃপক্ষের অনেকেই আসিয়াছেন কিন্তু পরিতাপের বিষয় যে, আজ পর্যন্ত বিদ্যালয়টি সরকারীকরণের কোন উদ্যোগ লক্ষ্য করা যায় নাই। এ ব্যাপারে বহুবার আশ্বাসও মিলিয়াছে। এমতাবস্থায়, অত্র বিদ্যালয় অনতিবিলম্বে সরকারীকরণের জন্য সংশ্লিষ্ট উর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট বিনীত আবেদন জানাইতেছি।

আইয়ুব হাসান,
রুকনাই, মোমেনাবাদ,
মাদারগঞ্জ, জামালপুর, ২০১০।